



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬৭৫৪

তারিখ: ০৭/০৬/২০১৬ খ্রি:।

উপপরিচালক


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

-----জেলা।

বিষয় : প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়ন এবং অনলাইন সফটওয়্যারে সুফলভোগী সদস্যদের মোবাইল নম্বর, ছবি, জাতীয় পরিচয় পত্র নম্বর এবং নমুনা স্বাক্ষর এন্ট্রিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের আওতায় গঠিত মহিলা সমিতির সদস্যদের যাবতীয় তথ্য (মোবাইল নম্বর, ছবি, জাতীয় পরিচয় পত্র নম্বর এবং নমুনা স্বাক্ষর) অনলাইন সফটওয়্যারে এন্ট্রি করা বাধ্যতামূলক করা সত্ত্বেও লক্ষ্য করা যাচ্ছে আপনার আওতাধীন প্রকল্পভূক্ত অনেক উপজেলায় উক্ত কাজসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে না। জেলার উপপরিচালক হিসেবে আপনার আওতাধীন উপজেলাসমূহের মধ্যে যে সকল উপজেলায় এখনো উক্ত কাজসমূহ যথাযথভাবে সম্পাদন হয়নি, সে সকল উপজেলায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে আপনার নিবিড় তদারকি প্রয়োজন।

২। এমতাবস্থায়, আপনার আওতাধীন প্রকল্পভূক্ত উপজেলাসমূহে প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়নের স্বার্থে এবং প্রকল্পের অনলাইন সফটওয়্যারে সুফলভোগী সদস্যদের মোবাইল নম্বর, ছবি, জাতীয় পরিচয় পত্র নম্বর এবং নমুনা স্বাক্ষর এন্ট্রিকরণের বিষয়সমূহ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


০৭/০৬/১৬
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
- ✓ ২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপপ্রকল্প পরিচালক (অর্থ ও হিসাব, উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।